শেখ হাসিনার উদ্যোগ

# খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
## ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০১১.১৯. ২৭৮৫ তারিখঃ- ১১ অগ্রহায়ণ/১৪২৬বঙ্গাঃ
২৬ নভেম্বর/২০১৯খ্রিঃ

বিষয়:-আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তিঃ

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত লাইনক্রুগণের মধ্যে যারা পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ এবং ৩০০-২৪ এর আলোকে পদোন্নতির জন্য যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান | ০৮ টি | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হইবে। | ক) এসএসসি বা সমমানের (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩(তিন)বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরন সুবিধা সৃষ্টিতে লাইন নির্মান, রক্ষনা-বেক্ষন ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং-এ উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা ও বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ কাজে জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ছ) অধীনস্থ লাইনক্রুদের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(জ) প্রার্থীকে লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে। |

শর্তাবলীঃ-

০১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নহে। তবে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ী ভাবে বসবাসকারী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই ।

০২। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক স্ব-হস্তে লিখিত আবেদনপত্রসহ আগামী ১১/১২/২০১৯ইং তারিখ, রোজ বুধবার , সকাল ১১.০০ ঘটিকার সময় খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, ঠিকরাবন্দ, খুলনায় স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে।

০৩। আবেদন পত্রের সহিত নিম্ন বর্নিত কাগজ পত্র সংযুক্ত করতে হবেঃ-

(ক) বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৮,৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমান পত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) বিগত ০৩(তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (মূল ড্রাইভিং লাইসেন্স সংগে আনতে হবে)।
(ঙ) সাম্প্রতিক তোলা ০২(দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(চ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
(ছ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি।
(জ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।

(ঝ) (১) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (২) সর্বশেষ ০১(এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন, (৩) বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একাধিক বার গুরু দন্ড প্রাপ্ত হয়েছেন, (৪) বিগত ০৪(চার) বছরের ভিতর ০১ বার গুরুদন্ড এবং ০১ বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন, (৫) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন, (৬) পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন, (৭) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময় কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না (৮) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে, তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

(ঞ) সর্বশেষ ০৫ বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(ট) সকল কাগজপত্র এজিএম(এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৪। <u>পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবে।</u>

ক) পবিস নির্দেশিকা ৩০০-০৮ এবং৩০০-১৪ এ সংশ্লিষ্ট পদের '' পদ বিবরনী'' তে উল্লেখিত সকল শর্তাদি পুরন করতে হবে।

খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

গ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২(সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

ঘ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।

০৫। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে '' পবিস চাকুরী বিধি (সংশোধিত-২০১২)''এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮,৩০০-১৪ ও ৩০০-২৪ প্রতিপালন করা হবে।

০৬। লাইন টেকনিশিয়ান পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য '' চলতি দায়িত্ব'' হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ যেতে হবে।

০৭। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয় কোন আত্নীয়-স্বজন আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিক ভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

০৮। প্রার্থীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। কোন কারন দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

26.11.19

(প্রকৌঃ মোঃ আলতাফ হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**<u>অনুলিপিঃ</u>**- (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

০১॥ নির্বাহী পরিচালক,বাপবিবো,ঢাকা ।
০২॥ পরিচালক,পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা /পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃ)পরিদপ্তর,বাপবিবো, ঢাকা
০৩॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি পরিদপ্তর), বাপবিবো, ঢাকা।
০৪॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, খুলনা।
০৫॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার....................................পবিস-১/২/৩/৪।
০৬॥ একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো,ঢাকা ।
০৭॥ ডিজিএস-পাইকগাছা/ সেনেরবাজার/ডুমুরিয়া জোনাল অফিস/(সদর-কারিগরী), খুলনা পবিস ।
০৮॥ এজিএম(অর্থ/ওএন্ডএম/এমএস), খুলনা পবিস ।
০৯॥ সহঃজুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), খুলনা পবিস (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১০॥ নোটিশ বোর্ড, খুলনা পবিস ।
১১॥ অফিস/মাস্টার কপি ।

26.11.19

সিনিয়র জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।